Microcredit Regulatory Authority

# মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

মুজিব শতবর্ষ MUJIB 100

'মুজিববর্ষের উপহার
ক্ষুদ্র অর্থায়নে দারিদ্র্য মুক্তির অঙ্গীকার'

**মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি**

**বিষয়: ক্ষুদ্রঋণ কার্যক্রম বিষয়ক জেলা সমন্বয় কমিটির কার্যক্রম বিষয়ে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট ফোকাল ও যুগ্মফোকাল পার্সনদের সঙ্গে ২য় সভার কার্যবিবরণী।**

**সভাপতি** : জনাব মোঃ ফসিউল্লাহ্, এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি।

**সভার তারিখ** : ১৩ ফেব্রুয়ারি, ২০২৩।

**সময়** : সকাল ১১.০০ ঘটিকা।

**সভার স্থান** : অথরিটির সভাকক্ষ ও ভার্চুয়াল প্ল্যাটফর্ম।

**উপস্থিতি** : ফোকাল ও যুগ্ম ফোকাল পয়েন্ট হিসেবে মনোনীত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান এর প্রধান নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট ফোকাল পার্সন ও যুগ্ম ফোকাল পার্সন।

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে ১৩ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় ভার্চুয়াল প্লাটফর্মে ক্ষুদ্রঋণ কার্যক্রম বিষয়ক জেলা সমন্বয় কমিটির কার্যক্রম বিষয়ে ২য় ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত ছিলেন সকল জেলার ফোকাল ও যুগ্ম ফোকাল পয়েন্ট হিসেবে মনোনীত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান এর প্রধান নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট ফোকাল পার্সন ও যুগ্ম ফোকাল পার্সন। সভার শুরুতে অথরিটির এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান অমর ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নে বর্ণিত হলো:

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | জেলা সমন্বয় কমিটিতে প্রতিনিধি মনোনয়ন | যে সকল প্রতিষ্ঠান এখনো প্রতিনিধি মনোনয়ন দেয়নি সে সকল প্রতিষ্ঠানের ২২/১২/২০২২ তারিখের মধ্যে প্রতিনিধি মনোনয়ন দিয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসককে পত্র প্রেরণ এবং পত্রের অনুলিপি এমআরএ এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট ও যুগ্ম ফোকাল পয়েন্টকে প্রেরণের সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনা করা। উল্লেখ্য ইতিমধ্যে বেশিরভাগ প্রতিষ্ঠান প্রতিনিধি মনোয়ন দিয়ে অথরিটিকে অবহিত করেছে। | (১) যে সকল প্রতিষ্ঠান অদ্যাবধি প্রতিনিধি মনোনয়ন দেয়নি সে সকল প্রতিষ্ঠানের দ্রুততম সময়ের মধ্যে প্রতিনিধি মনোনয়ন দিয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসককে পত্র প্রেরণ করে এবং পত্রের অনুলিপি এমআরএ এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট ও যুগ্ম ফোকাল পয়েন্টকে প্রেরণ করতে হবে। | সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান। |
| ২. | জেলা সমন্বয় কমিটির ফোকাল পার্সন/যুগ্ম ফোকাল পার্সন/প্রতিনিধি হিসেবে প্রতিষ্ঠানের জ্যেষ্ঠ পর্যায়ের কর্মকর্তাকে মনোনয়ন | জেলা সমন্বয় কমিটির ফোকাল পার্সন/যুগ্ম ফোকাল পার্সন/প্রতিনিধি হিসেবে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বা সম্ভব না হলে জ্যেষ্ঠ পর্যায়ের কোন কর্মকর্তাকে মনোনীত করার গুরুত্ব সম্পর্কে আলোকপাত করা হয়। বর্তমানে ফোকাল এবং যুগ্ম ফোকাল হিসেবে ২৯টি প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা রয়েছেন। | (১) প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তাকে ফোকাল ও যুগ্ম ফোকাল হিসেবে অন্তর্ভূক্ত করতে হবে এবং অনিবার্য কারণে জেলার জেষ্ঠ্য কর্মকর্তাকে মনোনীত করতে হবে। এছাড়া কমিটিতে অংশগ্রহণকারী সদস্য হিসেবেও প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং অনিবার্য কারণে জেলার জেষ্ঠ্য কর্মকর্তাকে মনোনীত করতে হবে।<br>(২) মনোনীতদের বিবরণ জেলা প্রশাসক, এমআরএ ও ফোকাল পার্সনকে দিতে হবে। | পলিসি ও লিগ্যাল শাখা, এমআরএ ও সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান। |
| ৩ | জেলা সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান | প্রতি ০৩ (তিন) মাস অন্তর জেলার ক্ষুদ্রঋণ কার্যক্রম বিষয়ক সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হওয়ার এবং সভায় ক্ষুদ্রঋণ খাতের স্থানীয় ও জাতীয় পর্যায়ের সার্বিক তথ্যচিত্র উপস্থাপনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।<br>ইতিমধ্যে ৪০টি জেলায় সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। যেসব জেলায় অদ্যাবধি সভা করতে পারেনি সেবিষয়ে তারা তাদের বক্তব্য দিয়েছেন। এছাড়া কিছু কিছু জেলায় ইতিমধ্যে ২টি সভাও অনুষ্ঠিত হয়েছে বলে জানানো হয়। | (১) যেসকল জেলায় অদ্যাবধি জেলা সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়নি তাদেরকে দ্রুততম সময়ের মধ্যে সভা অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে এবং সভার কার্যবিবরণী অথরিটিতে প্রেরণ করতে হবে। এছাড়া সভায় জাতীয় ও জেলা পর্যায়ের ক্ষুদ্রঋণ খাতের সার্বিক চিত্র উপস্থাপন করতে হবে এবং এ বিষয়ে অথরিটির সাথে যোগাযোগ রাখতে হবে। | পলিসি ও লিগ্যাল শাখা, এমআরএ এবং জেলা সমন্বয় কমিটির ফোকাল পয়েন্ট ও যুগ্ম ফোকাল পয়েন্ট। |

৮৩৩৩২৪৫, ৮৩৩২৫১৭, ৮৩৩২৯৮৬, ৮৩৩৩১৯৬, ফ্যাক্স: ৮৩৩৩২৫৭, Web : www.mra.gov.bd

চলমান পাতা-২

Microcredit Regulatory Authority

# মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭ ।

মুজিব শতবর্ষ MUJIB 100
'মুজিববর্ষের উপহার
ক্ষুদ্র অর্থায়নে দারিদ্র্য মুক্তির অঙ্গীকার'

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | জেলাভিত্তিক ক্ষুদ্রঋণ কার্যক্রমের প্রতিবেদন | ক্ষুদ্রঋণ কার্যক্রমের জেলাওয়ারী হালনাগাদ তথ্যভিত্তিক একটি প্রতিবেদন জেলা সমন্বয় কমিটির দায়িত্ব পালনে গতিশীলতা আনয়ন করবে এবং কর্মপ্রণালী নির্ধারণে ভূমিকা রাখবে মর্মে আলোচনা হয়। ইতোমধ্যে অথরিটি সকল জেলার ক্ষুদ্রঋণ কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুতপূর্বক তা অথরিটির ওয়েবসাইটে আপলোড করেছে। লিংক: http://www.mra.gov.bd/site/page/৬a২eea৪৯-৪cdf-৪৭f২-৮৫৯f-৩ce২৭১b৮৪৫fd | (১)অথরিটি জেলাভিত্তিক ক্ষুদ্রঋণ কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন আপডেট করবে এবং তা ওয়েবসাইডে আপলোড করবে।<br>(২) অথরিটি কর্তৃক সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানের তালিকা হালনাগাদ করে ফোকাল পার্সন, যুগ্মফোকাল পার্সন ও জেলা প্রশাসক বরাবর উপস্থাপন করবে। | এমআইএস শাখা এবং পলিসি শাখা; এমআরএ। |
| ৫. | অবৈধ ক্ষুদ্রঋণ কার্যক্রম রোধকরণ | ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের ফোকাল ও যুগ্ম ফোকালপার্সনগণ জেলা সমন্বয় সভা হওয়ার কারণে প্রত্যেক জেলায় কার্যরত প্রতিষ্ঠান চিহ্নিতকরণ সহজ হচ্ছে এবং সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক ও পুলিশ প্রশাসনও বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে নিয়েছেন মর্মে জানানো হয়। এ সমন্বয় সভার মাধ্যমে অবৈধ ক্ষুদ্রঋণ কার্যক্রম প্রতিরোধ সহজ হবে মর্মে সকলে আশাবাদ ব্যক্ত করেন। | (১) অবৈধ ক্ষুদ্রঋণ কার্যক্রম প্রতিরোধের জন্য জেলা সমন্বয় কমিটির উদ্যোগে সকল জেলায় অবৈধ ক্ষুদ্রঋণ কার্যক্রম বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলায় কার্যরত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান |
| ৬ | খাদ্য উৎপাদন বৃদ্ধির জন্য সচেতনতামূলক কার্যক্রম | দেশের খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে মাননীয় প্রধানমন্ত্রী অনাবাদী জমি ফেলে না রাখার বিষয়ে সদয় নির্দেশনা প্রদান করেছেন। এ প্রেক্ষিতে সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক কৃষি, পশুপালন, মৎস্য চাষসহ খাদ্য উৎপাদন সংশ্লিষ্ট খাত এবং আয় বর্ধনকারী খাতে ঋণ প্রদানের পরিমাণ বৃদ্ধির বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। | (১) খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি, পশুপালন, মৎস্য চাষসহ খাদ্য উৎপাদন সংশ্লিষ্ট খাতে ঋণ বিতরণ অগ্রাধিকার হিসেবে বিবেচনা করার লক্ষ্যে অথরিটি কর্তৃক সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে অনুরোধ করে জানুয়ারি ২০২৩ এ প্রেরিত পত্রের নির্দেশনা বাস্তবায়ন করতে হবে। | এমআরএ'র সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান। |
| ৭ | জেলা সমন্বয় কমিটির কার্যপরিধি বিষয়ক পরবর্তী সভা | ক্ষুদ্রঋণ কার্যক্রম বিষয়ক জেলা সমন্বয় কমিটির কার্যপরিধি বিষয়ে অধিকতর মতবিনিময়ের জন্য এমআরএ এবং ফোকাল ও যুগ্ম ফোকাল পয়েন্ট হিসেবে মনোনীত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান এর প্রধান নির্বাহী কর্মকর্তা, ফোকাল পার্সন ও যুগ্ম ফোকাল পার্সনদের মধ্যে নিয়মিত ভার্চুয়াল সভা আয়োজন করা প্রয়োজন। | (১) এপ্রিলি/২০২৩ এ ভার্চুয়াল প্ল্যাটফর্ম Zoom-এ পরবর্তী সভা আয়োজন করতে হবে। | পলিসি ও লিগ্যাল শাখা, এমআরএ |

পরিশেষে, সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/২/২০২৩
(মোঃ ফসিউল্লাহ)
এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

স্মারক নং: ৫৩.০৪.০০০০.২১.৩১.০০৮.২৩ - ৫৫৫

তারিখ: ১৩ ফাল্গুন, ১৪২৯
২৬ ফেব্রুয়ারি, ২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

(১) জেলা প্রশাসক (সকল)
(২) প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান)
(৩) সকল কর্মকর্তা, এমআরএ
(৪) অফিস নথি

২৬/২/২৩
মোঃ জিল্লুর রহমান
পরিচালক